# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/০৬(২১৮)/৫/১৭৭ তারিখ : ০৭ ডিসেম্বর, ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এ বিভিন্ন বিভাগ/দপ্তরে নিম্নোক্ত পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র.নং | পদের নাম | দপ্তর/বিভাগ | সংখ্যা | বেতন স্কেল |
|---|---|---|---|---|
| ১ | প্রভাষক | ওশেনোগ্রাফী | ০১ | ২২০০০-৫৩০৬০/=(গ্রেড-৯) |
| ২ | সহকারী প্রশাসনিক কর্মকর্তা | রেজিস্ট্রার দপ্তর | ০২ | ১৬০০০-৩৮৬৪০/= (গ্রেড : ১০) |
| ৩ | টেকনোলজিস্ট | ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ | ০১ | ১৬০০০-৩৮৬৪০/= (গ্রেড : ১০) |
| ৪ | ডাটা এন্ট্রি অপারেটর | আইসিটি | ০১ | ১১০০০-২৬৫৯০/=(গ্রেড : ১৩) |
| ৫ | ল্যাব সহকারী | বায়োকেমেস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগ | ০১ | ৯৭০০-২৩৪৯০/= (গ্রেড-১৫) |

আবেদনের শেষ তারিখ : ২৭ ডিসেম্বর, ২০২৫

### আবেদনের প্রক্রিয়া:

প্রার্থীকে career.sust.edu তে প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করে প্রথমে প্রোফাইল তৈরি করে অবশ্যই অনলাইনে আবেদন করতে হবে। অফলাইনে/সরাসরি আবেদন গ্রহণযোগ্য নয়। অনলাইনে আবেদনের সময় যেসব বিষয় আপলোড করতে হবে :
(ক) সকল সনদপত্র/প্রশংসাপত্রের স্ক্যান করা পিডিএফ কপি (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০/৩০০ পিক্সেল) (গ) চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (ঘ) ০১নং পদের জন্য ৬০০/=(ছয়শত) টাকা ২নং ও ৩নং পদের জন্য ৫০০/=(পাঁচশত) টাকা এবং ৪নং ও ৫নং পদের জন্য ২০০(দুইশত) টাকার নির্ধারিত ফি (সব ধরণের চার্জ ব্যতিত) অনলাইনে আবেদনের সময় পরিশোধ করতে হবে (ঙ) জাতীয় পরিচয়পত্রের স্ক্যান করা পিডিএফ কপি কিংবা জাতীয় পরিচয়পত্র না থাকলে জন্মনিবন্ধন সনদের স্ক্যান করা পিডিএফ কপি (চ) প্রার্থীর স্বাক্ষর (৩০০/৮০ পিক্সেল) (ছ) প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার প্রমানপত্র। শিক্ষক পদের জন্য (জ) প্রযোজ্য ক্ষেত্রে সকল প্রকাশনার কপি (ISI এবং Scopus indexing ছাড়া অন্য সব প্রকাশনার Turnitin রিপোর্ট) (ঝ) অভিজ্ঞতা সম্পর্কিত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে)।

### যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত:

যোগ্যতা ও অভিজ্ঞতার কপি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.sust.edu থেকে ডাউনলোড করা যাবে অথবা career.sust.edu এ 'বিস্তারিত দেখুন' অপশনের নিচের অংশে 'প্রকাশিত বিজ্ঞপ্তি' পাওয়া যাবে। ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। আবেদন সাবমিট করার পর আর কোন ডকুমেন্ট অনলাইনে/অফলাইনে/সরাসরি গ্রহণযোগ্য নয়।

আভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।

৭.১২.২৫

(সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির)
রেজিস্ট্রার

০৭/১২/২০২৫

# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

## প্রভাষক পদে নিয়োগ সম্পর্কিত যোগ্যতা:

(ক) প্রার্থীদের এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম GPA ৪.০০ (৫.০০ স্কেলে) থাকতে হবে। তবে ২০০১ থেকে ২০০৪ পর্যন্ত অনুষ্ঠিত এসএসসি বা সমমান এবং ২০০৩ ও ২০০৪ সনে এইচএসসি বা সমমান পরীক্ষায় ন্যূনতম GPA ৩.৫০ (৫.০০ স্কেলে) গ্রহণযোগ্য হবে।

(খ) প্রার্থীদের বিজ্ঞপ্তিকৃত/সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও মাস্টার্স উভয় পরীক্ষায় ন্যূনতম CGPA ৩.৫০ (৪.০০ স্কেলে) থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে যে কোন একটি পরীক্ষার ফলাফলের CGPA এর শর্ত শিথিলযোগ্য। তবে তা CGPA ৩.২৫ এর নিচে কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না।

(গ) সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সকল পর্যায়ে ১ম বিভাগ/শ্রেণী* থাকতে হবে।

(ঘ) উচ্চতর ডিগ্রি (এম এস, এমফিল, পিএইচডি) থাকলে ফলাফলের যে কোন একটি শর্ত শিথিলযোগ্য ।

***চিহ্নিত বিভিন্ন শব্দের ব্যাখ্যা**

* বিভাগ/শ্রেণী বলতে বোঝাবে লেটার ও নিউমেরিকেল গ্রেড পদ্ধতি প্রবর্তনের পূর্বে প্রচলিত ১ম, ২য়, ৩য় বিভাগ/শ্রেণী।

**সংশ্লিষ্ট বিষয় :**

ওশেনোগ্রাফি বিভাগ:

Oceanography/Marine Science

(সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির)
রেজিস্ট্রার

CamScanner

স্মারক নং-রেজিঃ/০৬(২১৮)

তারিখ : ০৭ ডিসেম্বর, ২০২৫

## রেজিস্ট্রার দপ্তরের জন্য

## সহকারী প্রশাসনিক কর্মকর্তা পদের যোগ্যতা ও অভিজ্ঞতা

প্রার্থীর স্নাতকোত্তর ডিগ্রি অথবা চার(০৪) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে।

অথবা

প্রার্থীকে স্নাতক ডিগ্রিসহ এই বিশ্ববিদ্যালয়ে সিনিয়র এ্যাসিসটেন্ট/সমমানের পদে ন্যূনতম ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ এই বিশ্ববিদ্যালয়ে সর্বমোট ১০(দশ) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।

শিক্ষাজীবনে কোন পরীক্ষায় ৩য় শ্রেণী বা সিজিপিএ ২.৫ এর নীচে গ্রহণযোগ্য নয়।

বয়স : সর্বোচ্চ ৩২(বত্রিশ) বছর।

অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।

৭.১২.২৫

(সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির)
রেজিস্ট্রার

CamScanner

স্মারক নং-রেজিঃ/০৬(২১৮)

তারিখ : ০৭ ডিসেম্বর, ২০২৫

## ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগের জন্য টেকনোলজিস্ট পদের যোগ্যতা ও অভিজ্ঞতা

প্রার্থীর কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট থেকে ০৪(চার) বছর মেয়াদী মেকানিক্যাল/অটোমোবাইল/পাওয়ার বিষয়ে ন্যূনতম ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমা থাকতে হবে।

শিক্ষাজীবনে কোন পরীক্ষায় ৩য় শ্রেণী বা সিজিপিএ ২.৫ এর নীচে গ্রহণযোগ্য নয়।

ডিপ্লোমা ডিগ্রিধারী অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগ/আপগ্রেডেশনের যোগ্যতার ক্ষেত্রে ০৩(তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রি গ্রহণযোগ্য। তবে এক্ষেত্রে অতিরিক্ত ০১(এক) বছর চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স : সর্বোচ্চ ৩২(বত্রিশ) বছর। অভিজ্ঞতা সম্পন্ন (চাকরিরত) প্রার্থীদের ক্ষেত্রে বয়সের শর্ত সর্বোচ্চ ০৫(পাঁচ) বছর শিথিলযোগ্য।

সহায়ক কর্মচারী থেকে কর্মকর্তা পদে নিয়োগে অভ্যন্তরীণ প্রার্থীদের বয়স শিথিলযোগ্য বিবেচিত হবে। তবে প্রার্থীকে অবশ্যই আবেদিত পদের পূর্ববর্তী গ্রেডে কর্মরত কর্মচারী হতে হবে।

অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।

৭.১২.২৫

(সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির)
রেজিস্ট্রার

CamScanner

স্মারক নং-রেজিঃ/০৬(২১৮)

তারিখ : ০৭ ডিসেম্বর, ২০২৫

## আইসিটির জন্য ডাটাএন্ট্রি অপারেটরের যোগ্যতা ও অভিজ্ঞতা

ক) উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষা পাশ হতে হবে।

খ) সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/সমমান গ্রেড থাকতে হবে।

গ) বেসিক কম্পিউটার দক্ষতা (ওয়ার্ড, এক্সেল ও ইন্টারনেট ইত্যাদি) থাকতে হবে।

ঘ) স্বীকৃত প্রতিষ্ঠানে ৩-৪ বছরের আইসিটি সম্পর্কিত কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

ঙ) প্রার্থীকে কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এ বাংলা ও ইংরেজি টাইপিংয়ে প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৪০টি শব্দ গতি সম্পন্ন হতে হবে।

চ) কম্পিউটারের রক্ষণাবেক্ষণ ও দাপ্তরিক কাজে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে।

বয়স : সর্বোচ্চ ৩২(বত্রিশ) বছর।

(সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির)
রেজিস্ট্রার

CamScanner

স্মারক নং-রেজিঃ/০৬(২১৮) তারিখ : ০৭ ডিসেম্বর, ২০২৫

## বায়োকেমেস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগের জন্য ল্যাব সহকারী পদের যোগ্যতা ও অভিজ্ঞতা :

ক) প্রার্থীকে এইচএসসি (বিজ্ঞান) পাশসহ কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এ ইংরেজি ও বাংলা টাইপিংয়ে পারদর্শী হতে হবে।

খ) শিক্ষাজীবনে সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেনী/সমমান গ্রেড থাকতে হবে।

গ) ল্যাব সংশ্লিষ্ট কাজের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

বয়স : সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর।

৭.১২.২৫

(সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির)
রেজিস্ট্রার